# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

## পাঠ-পরিকল্পনা-০১

## **৬ষ্ঠ অধ্যায় ঃ** রাজনৈতিক দল, নেতৃত্ব ও সু-শাসন

( প্রশ্নগুলোর উত্তর নোট খাতায় লিখবে ও শিখবে, কলেজ খোলার পর আমাকে অবশ্যই দেখাতে হবে।)

**জ্ঞানমূলক ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১) আধুনিক গণতন্ত্র কি রূপ?
২) প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের মূল ভিত্তি কি?
৩) প্রতিনিধিত্বমূলক সরকারকে কি ধরনের সরকার বলা হয়?
৪) রাজনৈতিক দল কাকে বলে বা কি?
৫) বর্তমান সময়ে গণতান্ত্রিক শাসনের অপর নাম কি?
৬) প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের বিরোধী দল কে কি মনে করা হয়?
৭) বাংলাদেশে কি ধরনের দল ব্যবস্থা প্রচলিত রয়েছে?
৮) নেতৃত্ব কি? Lead শব্দের অর্থ কি?
৯) নেতৃত্ব সম্পর্কে কিম্বল ইয়ং এর সংজ্ঞাটি কি?
১০) সম্যহনি নেতৃত্ব কি?

**অনুধাবন ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. রাজনৈতিক দলের সংজ্ঞা- এডমন্ড বার্ক, আর্নেস্ট ও অধ্যাপক ম্যাকাইভারের।
২. রাজনৈতিক দলের বৈশিষ্ট্য সমূহ কি কি?
৩. চাপসৃষ্টিকারী গোষ্ঠী ও রাজনৈতিক দলের পার্থক্য কি?
৪. সরকার গঠনে রাজনৈতিক দলের ভূমিকা।
৫. জনমত গঠনে রাজনৈতিক দলের ভূমিকা।

প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্ন **ঃ নমুনা প্রশ্ন**

১) ‘ক’ নামক রাষ্ট্রে দুর্নীতিসহ বেশ কিছু সমস্যা সমাধানের লক্ষ্যে কিছু জনগণ বেশ কয়েকটি নীতির ভিত্তিতে ঐক্যবদ্ধ হয়ে একটি সংগঠন গড়ে তোলে। পরবর্তীতে তারা দেশ ব্যাপী এই সংগঠনের কার্যক্রম বিস্তৃত করে। গত মাসে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে মি. M এর নেতৃত্বে তারা নির্বাচনে অংশ গ্রহণ নেয়। মি. M এর কল্যাণমুখী চিন্তাধারা ও আকাঙ্খা সৃষ্টিকারী বক্তব্য জনঅধিকার প্রতিষ্ঠায় তার গৃহীত ভবিষ্যত কর্মসূচি উপস্থাপনের ফলে উক্ত সংগঠনটি জয় লাভ করে।

গ) উদ্দীপকে উল্লেখিত সংগঠনটির সাথে তোমার পঠিত কোন সংগঠনের মিল রয়েছে? -ব্যাখ্যা কর।
ঘ) তুমি কি মনে কর মি. M এর ভূমিকায় উক্ত সংগঠনের জয়ের অন্যতম কারণ? হ্যাঁ বা না হলে যুক্তিসহকারে তোমার মতামত উপস্থাপন কর।

২) আরিফ ও জারিফ একটি গণতান্ত্রিক দেশের নাগরিক। তারা দুইজন দুটি আলাদা সংগঠনের সাথে যুক্ত। আরিফের সংগঠনটি সবসময় রাষ্ট্রীয় ক্ষমতায় যাওয়ার উদ্দেশ্যে কাজ করে। অপরদিকে জারিফের সংগঠনটি নিজেদের স্বার্থ নিয়ে কাজ করে এবং এই সংগঠনটি সরকারী সিদ্ধান্তকে নিজেদের অনুকূলে রাখার চেস্টা করে।

গ) উদ্দীপকে উল্লেখিত আরিফের সংগঠনটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর।
ঘ) উদ্দীপকে উল্লেখিত সংগঠন দুটির মধ্যে তুলনামূলক আলোচনা কর।

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

## পাঠ-পরিকল্পনা-০২

## ৬ষ্ঠ অধ্যায় ঃ রাজনৈতিক দল, নেতৃত্ব ও সু-শাসন

( প্রশ্নগুলোর উত্তর নোট খাতায় লিখবে ও শিখবে, কলেজ খোলার পর আমাকে অবশ্যই দেখাতে হবে।)

**জ্ঞানমূলক ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. রাজনৈতিক দলের প্রধান লক্ষ কি?
২. রাজনৈতিক দলের মূখ্য কাজ কি?
৩. দ্বি-দলীয় ব্যবস্থা বলতে কি বুঝ?
৪. পৃথিবীর কোথায় কোথায় দ্বি-দলীয় ব্যবস্থা দেখা যায়?
৫. উপদল বা কুচক্রী দল কাকে বলে?
৬. চাপসৃষ্টিকারী গোষ্ঠী বলতে কি বুঝ?
৭. চাপসৃষ্টিকারী গোষ্ঠীর মূল লক্ষ্য কি?
৮. বিশ্বের পাঁচজন সম্মোহনী নেতার নাম উল্লেখ কর।
৯. চাপসৃষ্টিকারী গোষ্ঠী সম্পর্কে এ্যালান বল এর সংজ্ঞাটি কি রূপ?
১০. আব্রাহাম লিংকন কে ছিলেন?

**অনুধাবন ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. গণতান্ত্রিক শাসন কার্য রাজনৈতিক দলের শাসন- ব্যাখ্যা কর।
২. নেতৃত্ব কত প্রকার ও কি কি?
৩. নেতৃত্বের বৈশিষ্ট্য গুলো কি কি?
৪. গণতন্ত্র ও রাজনৈতিক দল একে অন্যের পরিপূরক-ব্যাখ্যা কর।
৫. সম্মোহনী নেতৃত্ব কি? ব্যাখ্যা কর।

প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্ন ঃ **নমুনা প্রশ্ন**

১) জনাব ক তার অসাধারণ গুণাবলীর জন্য জনসাধারণের কাছে বিশেষ সম্মানের আসনে সমাসীন। তিনি সহজে জনগণকে প্রভাবিত করতে পারে। বিশেষত চারিত্রিক দৃঢ়তা, সাহসিকতা ও বাগ্মীতার জন্য জনগণ তার প্রতি মুগ্ধ।

গ) উদ্দীপকে জনাব ক এর আচরণের কি ধরনের নেতৃত্বের প্রকাশ লক্ষ্য করা যায়? -ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে উল্লেখিত নেতার মত নেতৃত্বের আবির্ভাব হয়েছিল বলে বাংলাদেশ আজ স্বাধীন? তুমি কি এ ব্যাপারে একমত? তোমার মতামত উপস্থাপন কর।

২) ছাত্র জীবন থেকে ক, খ ও গ একটি সংগঠনের সাথে জড়িত। যদিও বা তাদের বাড়ী ভিন্ন ভিন্ন জেলায়। এই সংগঠনটির সারা দেশ জুড়ে তাদের মত সদস্য রয়েছে। স্থানীয় ভাবে তাদের অনেককেই জনগণ ভালোভাবে জানে। ফলে ক আগামী নির্বাচনের তার সংগঠনের পক্ষ হতে আইন সভার সদস্য হতে চায়।

গ) উদ্দীপকের সংগঠনটির বৈশিষ্ট্য বর্ণনা কর অথবা কার্যাবলী আলোচনা কর।

ঘ) উদ্দীপকের সংগঠনের মাধ্যমে রাষ্ট্র পরিচালনায় জনগণের মতামত প্রতিফলিত হয়-তুমি কি একমত?হ্যাঁ হলে ব্যাখ্যা কর।

অথবা,

উদ্দীপকের সংগঠনটি জনমত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে-তুমি কি এই বিষয়টি সমর্থন কর ব্যাখ্যা দাও।

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

## **পাঠ-পরিকল্পনা-০৩**

## **৭ম অধ্যায় ঃ** সরকার কাঠামো

( প্রশ্নগুলোর উত্তর নোট খাতায় লিখবে ও শিখবে, কলেজ খোলার পর আমাকে অবশ্যই দেখাতে হবে।)

**জ্ঞানমূলক ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. সরকার কি?
২. সরকার হলো রাষ্ট্রের মুখপাত্র এটি কার উক্তি-
৩. সংকীর্ণ অর্থে সরকার বলতে কি বোঝায়?
৪. এরিস্টটল কয়টি নীতির ভিত্তিতে সরকারের শ্রেনি বিভাগ করেছেন?
৫. রাষ্ট্রপ্রধানের ক্ষমতা লাভের পদ্ধতির ওপর ভিত্তি করে সরকার কয় ধরনের?
৬. আধুনিক যুগের সবচেয়ে জনপ্রিয় সরকার ব্যবস্থা কোনটি?
৭. গনতন্ত্র কি? --- শব্দের অর্থ কি?
৮. শব্দগত অর্থে গনতন্ত্রের অর্থ কি?
৯. একনায়ক তন্ত্র কি?
১০. পরোক্ষ গনতন্ত্রের প্রত্যক্ষ পদ্ধতি গুলো কি কি?

**অনুধাবন ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. প্রজাতন্ত্র কি ? ব্যাখ্যা কর।
২. গনতন্ত্র কি ? ব্যাখ্যা কর।
৩. গনতন্ত্র সম্পর্কে আব্রাহাম লিংকনের সংজ্ঞাটি লেখ।
৪. গনতন্ত্রের বৈশিষ্ট্য গুলো কি কি?
৫. আধুনিক গনতন্ত্রকে প্রতিনিধিত্ব মূলক গনতন্ত্র বলা হয় কেন?
৬. একনায়ক তন্ত্রের বৈশিষ্ট্যগুলো কি কি ?

প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্ন **ঃ নমুনা প্রশ্ন**

১) X রাষ্ট্রে নির্বাচনের মাধ্যমে সরকার গঠিত হয়। গনমাধ্যম স্বাধীন, সরকারি ও বেসরকারি সকল প্রকার বিনিয়োগের সুযোগ রয়েছে। অন্যদিকে Y রাষ্ট্রের সরকার সকল কিছু নিজেরা নিয়ন্ত্রন করে, গনমাধ্যমের ও কোনো স্বাধীনতা নেই, এমনকি রাজনৈতিক দলের স্বাধীনতা নেই।

গ. X রাষ্ট্রের সরকার পদ্ধতির বৈশিষ্ট্য লেখ।
ঘ. Y রাষ্ট্রের চেয়ে X রাষ্ট্রের সরকার ব্যবস্থা উত্তম– ব্যাখ্যা কর।

২)

| ‘ক’ সরকার | খ সরকার |
| --- | --- |
| ↓ | ↓ |
| জনগনের শাষন | একব্যক্তি বা দলের শাষন |
| একাধিক দলের উপস্থিতি | নিয়ন্ত্রিত প্রচার মাধ্যম |
| সার্বভৌম আইনসভা | প্রহসনমূলক আইনসভা |

গ. উপরের ‘ক’ ও ‘খ’ সরকারের মধ্যে পার্থক্য নির্দেশ করো।
ঘ. উপরের বর্ণিত কোন সরকার ব্যবস্থার সাথে বাংলাদেশের সরকার ব্যবস্থার মিল রয়েছে তা ব্যাখ্যা কর, উক্ত ব্যবস্থা সফল করার জন্য কি কি পদক্ষেপ নেয়া প্রয়োজন বলে তুমি মনে কর তা উপস্থাপন কর।

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

**পাঠ-পরিকল্পনা-০৪**

**৭ম অধ্যায় ঃ** সরকার কাঠামো

( প্রশ্নগুলোর উত্তর নোট খাতায় লিখবে ও শিখবে, কলেজ খোলার পর আমাকে অবশ্যই দেখাতে হবে।)

**জ্ঞানমূলক ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. আইন ও শাসন বিভাগের সম্পর্কের ওপর ভিত্তি করে সরকার কয় ধরনের?
২. সংসদীয় সরকার কাকে বলে? দায়িত্বশীল সরকার কি?
৩. রাষ্ট্রপতি শাসিত সরকার কাকে বলে?
৪. ক্ষমতার বন্টননীতি অনুসারে সরকার কয় ধরনের?
৫. এককেন্দ্রিক সরকার কাকে বলে?
৬. যুক্তরাষ্ট্রীয় সরকার কাকে বলে?
৭. কোন সরকার আন্তর্জাতিক বিরোধী?
৮. কোন সরকার উগ্র জাতীয়তাবাদী?
৯. কোয়েডাস শব্দের অর্থ কি?
১০. যুক্তরাষ্ট্রীয় সরকার সম্পর্কে ফাইনারের সংজ্ঞাটি লেখ।

**অনুধাবন ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. এককেন্দ্রিক সরকারের বৈশিষ্ট্য গুলো কি কি?
২. যুক্তরাষ্ট্রীয় সরকারের গঠন পদ্ধতি কিরূপ?
৩. যুক্তরাষ্ট্রীয় মনোভাব কি? ব্যাখ্যা কর।
৪. রাজতান্ত্রিক সরকার কি? ব্যাখ্যা কর।
৫. সমাজতান্ত্রিক সরকার কি? ব্যাখ্যা কর।
৬. সামরিক সরকার কি? ব্যাখ্যা কর।
৭. ধর্মতান্ত্রিক সরকার কি? ব্যাখ্যা কর।

প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্ন **ঃ নমুনা প্রশ্ন**

১) 'ক' রাষ্ট্রের সরকার জনগনের ভোটে নির্বাচিত হন, উক্ত রাষ্ট্রের সরকার প্রধান ও মন্ত্রীসভার সদস্যগণ আইন সভার কাছে জবাবদিহি করেন না। অন্যদিকে 'খ" নামক রাষ্ট্রের সরকার ও জনগণের ভোটে নির্বাচিত। সরকার প্রধান ও মন্ত্রীসভার সদস্যগণ আইন সভার কাছে জবাবদিহি করতে বাধ্য।

গ) উদ্দীপকে বর্ণিত ক ও খ রাষ্ট্রের পার্থক্য দেখাও?

ঘ) উদ্দীপকের দুটি সরকার ব্যবস্থার মধ্যে বাংলাদেশের জন্য তুমি কোন ধরনের সরকার ব্যবস্থা উত্তম বলে মনে কর?

২) ক রাষ্ট্রে ২৭টি অঙ্গরাজ্য রয়েছে। কেন্দ্রীয় সরকারের পাশাপাশি অঙ্গরাজ্যের সরকার ও নিজ নিজ ক্ষেত্রে স্বাধীন ভাবে দায়িত্ব পালন করে, কেন্দ্র ও অঙ্গরাজ্যের সরকারে সহযোগীতার মাধ্যমে রাষ্ট্রটি পরিচালিত হয়। ফলে এ ধরনের সরকার ব্যবস্থা সফল করতে গেলে কিছু শর্ত মেনে চলতে হয়।

গ) উদ্দীপকে ক রাষ্ট্রে কোন ধরনের সরকার বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ) উক্ত সরকার ব্যবস্থার সফলতার জন্য কিছু শর্ত রয়েছে-উদ্দীপকের কথাটি মূল্য কর।

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

## পাঠ-পরিকল্পনা-০৫

## ৭ম অধ্যায় ঃ সরকার কাঠামো

( প্রশ্নগুলোর উত্তর নোট খাতায় লিখবে ও শিখবে, কলেজ খোলার পর আমাকে অবশ্যই দেখাতে হবে।)

**জ্ঞানমূলক ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. কয়টি বিভাগ নিয়ে সরকার কাঠামো গঠিত হয়?
২. আইন বিভাগ বলতে কি বুঝ?
৩. আইন সভার প্রধান কাজ কি?
৪. এক কক্ষ বিশিষ্ট আইনসভা কাকে বলে?
৫. দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা কাকে বলে?
৬. শাসন বিভাগ কাকে বলে?
৭. সংকীর্ণ অর্থে শাসন বিভাগ কি?
৮. গঠন কার্যাবলীর দিক থেকে শাসন বিভাগ কয় ভাগে বিভক্ত?
৯. বিচার বিভাগ কাকে বলে?
১০. ক্ষমতা স্বতন্ত্রীকরণনীতির প্রবক্তা কে?
১১. ক্ষমতা স্বতন্ত্রীকরণনীতি কি?
১২. বিচার বিভাগের স্বাধীনতা কি?
১৩. আইনসভার বিপক্ষ কিভাবে গঠিত হয়?
১৪. ক্ষমতার ভারসাম্য নীতি কি?
১৫. বিচার বিভাগের প্রধান কাজ কি?

**অনুধাবন ঃ** ( যে সকল প্রশ্ন Tax বইয়ে পাওয়া যাবে)

১. নামমাত্র প্রকৃত শাসক কি? ব্যাখ্যা কর।
২. আইনসভা কিভাবে জাতীয় অর্থ নিয়ন্ত্রণ ও তদারক করে?-ব্যাখ্যা কর।
৩. আইনের শাসন প্রতিষ্ঠায় বিচার বিভাগের ভূমিকা-ব্যাখ্যা কর।
৪. বিচার বিভাগের স্বাধীনতা রক্ষার উপায় কি?
৫. 'ক্ষমতার স্বতন্ত্রীকরণ সম্ভব নয়, সংগত ও নয়'-ব্যাখ্যা কর।
৬. গণভোট কি?-ব্যাখ্যা কর।

প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্ন ঃ **নমুনা প্রশ্ন**

১) স্বপন ও তপন সরকারের বিভিন্ন বিভাগের ক্ষমতা নিয়ে আলোচনা করছিলো। স্বপন বললো, আইনসভা আইন প্রণয়ন করলে ও তা বাস্তবায়ন করে অন্য বিভাগ, বিভাগটি অন্য দুটি বিভাগ হতে বেশি গুরুত্বপূর্ণ। সরকার বলতে আমরা উক্ত বিভাগকে বুঝে থাকি।

গ) উদ্দীপকে স্বপনের বক্তব্যে যে বিভাগের ইঙ্গিত রয়েছে সেই বিভাগের কার্যাবলী তুলে ধর।
ঘ) তুমি কি স্বপনের মত মনে কর সরকারের অন্য দুটি বিভাগ হতে এটি গুরুত্বপূর্ণ? হ্যাঁ হলে যুক্তিসহ তোমার মতামত উপস্থাপন কর।

২) সরকারের এমন একটি বিভাগ রয়েছে যা জনপ্রতিনিধিত্বমূলক। মূলত এ বিভাগের মাধ্যমেই শাসন ব্যবস্থায় জনগণের অংশ গ্রহণ কিছুটা হলেও নিশ্চিত হয়। সরকার এ বিভাগের কাছে দায়বদ্ধ থাকে। এ বিভাগের আস্থা হারালে শাসন ক্ষমতা হারাতে হয়। তবে জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করে সুশাসন প্রতিষ্ঠায় ভূমিকা রাখে সরকারের আরেকটি বিভাগ।

গ) উদ্দীপকে সরকারের কোন বিভাগকে জনপ্রতিনিধিত্বমূলক বলা হয়েছে? তার কার্যাবলী উপস্থাপন কর।
ঘ) জনগণের অধিকার প্রতিষ্ঠান ও সুশাসন প্রতিষ্ঠায় সরকারের যে বিভাগ করে কাজ করে তার ভূমিকা মূল্যায়ন কর।